গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট

হাইড্রোকার্বন ইউনিট এর জানুয়ারি /২০২০ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | এ এস এম মঞ্জুরুল কাদের<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ১৫-০১-২০২০ |
| সভার সময় | বিকাল ৩: ০০ ঘটিকা |
| স্থান | মিনি কনফারেন্স রুম, হাইড্রোকার্বন ইউনিট |
| উপস্থিতি | ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মেহেদী হাসান উপ- পরিচালক ( পরিকল্পনা ও পিএসসি) সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২। গত ২২-১২-২০১৯ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১ | মুজিব বর্ষ<br>জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন ও মুজিব বর্ষ ২০২০ যথাযথভাবে পালনের লক্ষ্যে স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদি পরিকল্পনা প্রনয়নের ব্যাপারে আলোচনা হয়। | মুজিববর্ষ ২০২০ যথাযথভাবে পালনের সিদ্ধান্ত হয়। |
| ০২ | **<u>ইআরপি</u>**<br>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগএবং এর আওতাধীন দপ্তর/ সংস্থাসমূহের মধ্যে তথ্য প্রযুক্তির ব্যবহারে অধিকতর সমন্বয়,সেবা প্রত্যাশীদেরদ্রুত সেবা প্রদান , বিদ্যমান সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা , মানব সম্পদ উন্নততর পদ্ধতিতে পরিচালনা ,সমন্বিত প্রতিবেদন প্রনয়ণ, বিদ্যুৎ ও জ্বালানি দুই বিভাগের মধ্যে নিবিড় সমন্বয় ,মূল্যবান সম্পদের মনিটরিং ও নিরাপত্তা এবং সাইবার সিকিউরিটিইত্যাদি বিষয় সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সমন্বিত ইআরপি ও অন্তবর্তীকালীন ড্যাশবোর্ড চালু করার ব্যাপারে আলোচনা হয় । | ইআরপি বাস্তবায়নের নিমিত্তে অন্তবর্তীকালীন সমন্বিত ড্যাশবোর্ড তৈরির সিদ্ধান্ত গৃহীত হয় । |

| | | |
|---|---|---|
| ০৩ | **মানব সম্পদ উন্নয়ন :**<br>মানব সম্পদের দক্ষতা উন্নয়ন ,সমস্যা চিহ্নিতকরন,সুপারিশ প্রনয়নের জন্য মানব সম্পদ উন্নয়নে কর্মপন্থা নির্ধারন কমিটির সভা ২৯/০১/২০২০ তারিখে করার সিদ্ধান্ত হয়। | মানব সম্পদের দক্ষতা উন্নয়ন ,সমস্যা চিহ্নিতকরন,সুপারিশ প্রনয়নের ব্যাপারে দায়িত্ব প্রদান করা হয় । |
| ০৪ | **প্রাতিষ্ঠানিক কার্যাবলি :**<br>হাইড্রোকার্বন ইউনিটের সামগ্রিক কার্যাবলি নিয়ে আলোচনা করা হয়। Energy Resource Mapping, Energy Sector Master plan , Industry তে Gas এর Usage সম্পর্কিত ডাটা সংগ্রহ । Unconventional এনার্জি এবং, সিএনজি vs এলপিজি বিষয়ে সেমিনার আয়োজন । APA) এর টার্গেট অনুসারে Annual Report and Monthly Report সঠিক সময়ে সম্পন্ন করার ব্যাপারে আলোচনা হয়। | হাইড্রোকার্বন ইউনিটের সামগ্রিক কার্যাবলির তালিকা প্রস্তুতের সিদ্ধান্ত নেয়া হয় । |
| ০৫ | **শুদ্ধাচার কর্মপরিকল্পনা:**<br>শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে পর্যালোচনা করা হয়। | । |
| ০৬ | **ইনোভেশন:**<br>জনগণের দোর গোড়ায় সরকারি সেবা নিশ্চিত করা, সেবার মান বৃদ্ধি এবং সেবাকে অধিকতর জনবান্ধব করার জন্য সরকার দৃঢ় প্রতিজ্ঞ। জনপ্রশাসনে কাজের গতিশীলতা এবং উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা দ্রুত ও সহজিকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে সরকার ইনোভেশন টিম গঠনের সিদ্ধান্ত গ্রহণ করে। হাইড্রোকার্বন ইউনিটে ইনোভেশন পরিকল্পনা বাস্তবায়নের উদ্যেগ গ্রহণ করা হয়েছে। | ইনোভেশন পরিকল্পনা বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে। |
| ০৭ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA):**<br>প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সম্পাদন করা হয়েছে । বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (**APA**) বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে। | এপিএ সংক্রান্ত কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করে নাম্বার কিভাবে বাড়ানো যায় সে ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয় । |
| ০৮ | **বিদ্যুৎ সাশ্রয়:**<br>অফিসের এসি, বৈদ্যুতিক ফ্যান, লাইট, বিদ্যুৎ, পানি ও জ্বালানি ইত্যাদির ব্যবহারে মিতব্যয়ী হওয়ার ব্যাপারে আলোচনা হয় । এছাড়াও অফিসের সম্পদ যেমনঃ গাড়ী, কম্পিউটার, ফ্যাক্স মেশিন, সার্ভার, ল্যাপটপ ইত্যাদি যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয় । |
| ০৯ | **আদালতে বিচারাধীন মামলা :**<br>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ডিসেম্বর/২০১৯ মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী হাইড্রোকার্বন ইউনিটে কোন মামলায় কোন আইনজীবী নিয়োগ করা হয়েছে,কতদিন ধরে পেন্ডিং আছে,পরবর্তী শুনানি কখন হতে পারে,সংশ্লিষ্ঠ কর্মকর্তা সঠিকভাবে দায়িত্ব পালন করছেন কিনা এসব বিষয় অবহিত করার জন্য সিদ্ধান্ত হয়। | আদালতে বিচারাধীন মামলা নিস্পত্তি করার ব্যাপারে পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয় । |

| | | |
|---|---|---|
| ১০ | **অডিট আপত্তি :**<br>ক) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ডিসেম্বর /২০১৯ মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট অডিট অফিসের সাথে যোগাযোগ করে জনবল ও লজিস্টিক সাপোর্টের মাধ্যমে অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির কার্যক্রম গ্রহনের ব্যাপারে আলোচনা হয় ।<br>খ)অচল ও মেরামত অযোগ্য গাড়ির ব্যাপারে আলোচনা হয়। | অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করার ব্যাপারে পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয় । |
| ১১ | **ই- নথি:**<br>ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের নিমিত্তে ই- নথি কার্যক্রমের সূচনা হয় ।<br>হাইড্রোকার্বন ইউনিটের ই –নথি ভিত্তিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। ই-নথির ব্যবহার আরো বৃদ্ধি করার ব্যাপারে আলোচনা হয়।তেল,গ্যাস ও খনিজ সম্পদ এর সাথে সম্পৃক্ত বিভিন্ন প্রতিষ্ঠানের কাছ থেকে ই-নথিতে পত্রজারির মাধ্যমে ডাটা চাওয়া, Reminder দেয়া, তিনমাস পরপর Feedback জানতে চাওয়া মন্ত্রণালয় ভিত্তিক অধিদপ্তর সংস্থার ক্যাটাগরি (ছোট) জরিপে হাইড্রোকার্বন ইউনিটের অবস্থান কিভাবে প্রথম দিকে নেয়া যায় ব্যাপারে আলোচনা হয় । | মন্ত্রণালয় ভিত্তিক অধিদপ্তর সংস্থার ক্যাটাগরি (ছোট) জরিপে হাইড্রোকার্বন ইউনিটের অবস্থান প্রথম দিকে নেয়ার জন্য ই- নথির ব্যবহার আরো বৃদ্ধি করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয় । |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন।

এ এস এম মঞ্জুরুল কাদের
মহাপরিচালক

স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.০৬.০০২.১৯.৫৮

তারিখ: ৪ ফাল্গুন ১৪২৬
১৭ ফেব্রুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট
২) সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন), হাইড্রোকার্বন ইউনিট
৩) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), হাইড্রোকার্বন ইউনিট
৪) সহকারী পরিচালক (অপারেশন) , উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন), হাইড্রোকার্বন ইউনিট
৫) সহকারী পরিচালক (পরিকল্পনা), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) , হাইড্রোকার্বন ইউনিট

এ এস এম মঞ্জুরুল কাদের
মহাপরিচালক